



সড়ক নিরাপত্তা সংক্রান্ত তথ্য

স্কুলে যাওয়া এবং ফেরার সময় আপনার সন্তানের নিরাপত্তার দায়িত্ব আপনারই।

নিরাপদ বাস ভ্রমণ

ঠিক বাস থেকে নামার পর মুহূর্তেই একটি শিশু সবচেয়ে বেশী ঝুঁকিতে থাকে।

এই ঝুঁকি কমিয়ে আনতে:

- আপনার সন্তানদের সাথে বাস থামার জায়গাতেই দেখা করুন – কখনই রাস্তার বিপরীত পাশে নয়
- বাস থামার জায়গায় আপনার শিশুর হাত ধরুন
- বাসের জন্য অপেক্ষা করার সময় রাস্তার ধার থেকে কয়েক কদম পেছনে দাঁড়ান
- বাস চলে যাওয়া পর্যন্ত অপেক্ষা করুন, তারপর রাস্তা পার হওয়ার জন্য একটি নিরাপদ স্থান বেছে নিন।

আপনার বাচ্চাকে রাস্তা পার হওয়ার জন্য একটি নিরাপদ স্থান খুঁজে পেতে সাহায্য করুন যেমন:

- কোনো পথচারী পারাপার কিংবা যদি থাকে তবে ট্রাফিক লাইটে
- সব গাড়িগুলো আপনার বাচ্চাকে পরিষ্কার দেখতে পায় রাস্তার এমন কোনো জায়গা।

আপনি যদি আপনার বাচ্চার সাথে থাকতে না পারেন, তাহলে তাদের সাথে বাস থামার জায়গায় দেখা করার জন্য বিশ্বাসযোগ্য কোনো প্রাপ্তবয়স্ক লোকের ব্যবস্থা করুন।



আরও সহায়তার জন্য

ডিপার্টমেন্ট এর সড়ক নিরাপত্তা সংক্রান্ত শিক্ষা কার্যক্রম দেখুন
<https://education.nsw.gov.au/road-safety-education> কিংবা দেখুন
<https://education.nsw.gov.au> এবং সড়ক নিরাপত্তা সংক্রান্ত তথ্য অনুসন্ধান করুন।